গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155

তারিখ: ১২/০১/২০২৩

# ২০১৯ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ (নিয়মিত, প্রাইভেট নিয়মিত এবং অনিয়মিত) পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

২০১৮ সালের মাস্টার্স ১ম পর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা, অনিয়মিত (২০১৭, ২০১৭ বিশেষ এবং ২০১৮ বিশেষ মাস্টার্স ফাইনাল পরীক্ষা যে সকল শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারেনি) ও ২০১৯ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ (নিয়মিত, প্রাইভেট নিয়মিত এবং অনিয়মিত) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ফরম পূরণের আবেদন ফরম ঢাকা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (7 College.du.ac.bd) Form Fill-up ক্লিক করে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনানুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। ফরম পূরণের টাকা পরিশোধের জন্য ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে আবেদন ফরম প্রিন্ট করে কলেজ অফিসের ১১৪ নং কক্ষে সকাল ১০.০০টা থেকে বিকাল ৩:০০ টার মধ্যে রশিদের মাধ্যমে নিম্নোক্ত ফি, ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো।

**ফির পরিমাণ**

| ক্রমিক নং | বিষয় | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | এমএ/এম এস এস | ৪,০০৫/- |
| ০২ | এমএসসি | ৪,২৭৫/- |

**ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ: ১২/০১/২০২১ হতে ১৭/০১/২০২৩ পর্যন্ত ।**
**নির্ধারিত সময়ের পরে জরিমানার মাধ্যমে ফরম পূরণের সুযোগ থাকবে না।**

১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:**

(ক) **নিয়মিত ও নিয়মিত প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে:**
**২০১৮ সনে মাস্টার্স ১ম পর্বে উত্তীর্ণ শিক্ষার্থীরা ২০১৯ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।**

(খ) **অনিয়মিত ও অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে:**
**২০১৭, ২০১৭ বিশেষ এবং ২০১৮ বিশেষ মাস্টার্স ফাইনাল পরীক্ষায় যে সকল শিক্ষার্থীরা অংশগ্রহণ করতে পারেনি তারা অনিয়মিত হিসেবে নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। ২০১৭ এবং ২০১৭ বিশেষ পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা ২০১৯ সনের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে ২০১৯ সালের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষায় পরীক্ষার্থীরা নিজ নিজ সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে।**

১২/০১/২৩
প্রফেসর সাবিকুন নাহার
আই.ডি-৫৪০
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।

চলমান পাতা-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।
principal@bbggc.gov.bd, www.bbggc.gov.bd
College Code : 1400, EIIN NO : 108155



২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলী:**

২০১৯ সালের মাস্টার্স শেষ পর্ব বিশেষ পরীক্ষার পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত ইনকোর্স/ টার্ম পেপারের নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স / টার্ম পেপার পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

৩। **অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ http://dua7c.com/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।

খ) প্রিন্টকৃত ফরমে (এন্ট্রি ফরম) শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ১৬/০১/২০২৩ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

ঘ) পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

**ফরমের সাথে যে সমস্ত কাগজপত্র জমা দিতে হবেঃ**

০১. নিয়মিত শিক্ষার্থীদের ভর্তি রশিদের ফটোকপি।
০২. অনিয়মিত শিক্ষার্থীদের পুনঃ ভর্তি ভর্তি রশিদের ফটো কপি।
০৩. পরীক্ষায় অংশগ্রহণের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে পূরণকৃত ফরম ফিলাপের ফরম।
০৪. পূরণের টাকার রশিদের ফটোকপি।

বিঃদ্রঃ **শিক্ষার্থীরা রশিদ এবং পরীক্ষার এন্ট্রি ফরম অফিসে জমা না দিয়ে বাসায় নিয়ে গেলে তার পরীক্ষার ফরম পূরণ বাতিল বলে গণ্য হবে।**

(প্রফেসর সাবিকুন নাহার)
অধ্যক্ষ
বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, ঢাকা।